

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ “বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর আওতায় এলএনজি আমদানির জন্য কক্সবাজার জেলার মহেশখালীতে SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. কর্তৃক দৈনিক ৫০০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন চলমান ভাসমান এলএনজি টার্মিনাল অর্থাৎ Floating Storage Regasification Unit (FSRU) স্থাপন প্রকল্পের অনুকূলে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ১৯/মুসক/২০১৯—যেহেতু, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. এর মধ্যে স্বাক্ষরিত Implementation Agreement (IA) অনুযায়ী “বিদ্যুৎ জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০” এর আওতায় Build, Own, Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কক্সবাজারের মহেশখালীতে দৈনিক ৫০০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন চলমান ভাসমান এলএনজি টার্মিনাল অর্থাৎ Floating Storage Regasification Unit (FSRU) স্থাপন প্রকল্পের জন্য মূল্য সংযোজন কর, অগ্রিম মূল্য সংযোজন কর, আগাম কর (AT) ও সম্পূরক শুল্ক (যদি থাকে) অব্যাহতি প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে; এবং

যেহেতু, মূল্য সংযোজন আইন, ১৯৯১ এর আওতায় ইতোপূর্বে বিশেষ আদেশ নং- ১৯/মুসক/২০১৭, তারিখঃ ২৯ নভেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে উক্ত প্রকল্পকে অব্যাহতি প্রদান করা হইয়াছিল এবং সেই কারণে এই সংক্রান্ত আদেশ জরুরী ভিত্তিতে জারি করা না হইলে অথবা বিলম্ব হইলে চলমান প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হইবে মর্মে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক আশংকা প্রকাশ করা হইয়াছে;

(২৫৭৫৭)

মূল্য : টাকা ৪.০০

সেহেতু, ইতোপূর্বের ধারাবাহিকতায় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড:

- (ক) SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd. কর্তৃক FSRU স্থাপন ও তাহা কার্যকর করিবার লক্ষ্যে সংগৃহীত সকল ধরনের পণ্য ও সেবার বিপরীতে (ব্যক্তিগত ভোগ বা ব্যবহারের উদ্দেশ্যে সংগৃহীত পণ্য/সেবা ব্যতীত) প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক (যদি থাকে);
- (খ) FSRU কর্তৃক প্রদত্ত সকল সেবার উপর প্রযোজ্য ভ্যাট ও সম্পূরক শুল্ক (যদি থাকে);
- (গ) FSRU কার্যকর করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক অনুবিভাগ কর্তৃক যেই সকল পণ্যের আমদানির ক্ষেত্রে রেয়াতী সুবিধা প্রদান করা হইয়াছে সেই সকল পণ্যের উপর প্রযোজ্য আগাম কর (AT) অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন **উইয়া**, এনডিসি
চেয়ারম্যান